"বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কর্মকর্তার কার্যালয়
তারাগঞ্জ, রংপুর।

স্মারক নং- ৪৭.৬১.৮৫৯২.০০০.২৮.০০১.০৩

তারিখঃ ০৯/০৩/২০২৩খ্রিঃ।

## অফিস আদেশ

**" প্রাথমিক সমবায় সমিতির অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ" সেবাটি সমবায় বিভাগে** অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ সেবাটি সঠিকভাবে তারা পায় না। সমবায় সমিতি আইন ২০০১ এর ১৮(৫) ধারা মূলে যে সকল সমবায় সমিতি ব্যবস্থাপনা কমিটির মেয়াদকালের মধ্যে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন সম্পন্ন করা না হলে মেয়াদ পুর্তির সাথে সাথেই উক্ত কমিটি বিলুপ্ত হইবে এবং নিবন্ধক সংশ্লিষ্ট সমবায় সমিতির ব্যাবস্থাপনা নির্বাহ ও নির্বাচন অনুষ্ঠানের জন্য সমিতির সদস্য বা সরকারি কর্মকর্তার সমন্বয়ে ১২০ (একশত বিশ) দিনের জন্য একটি **অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি** নিয়োগ করবেন। সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধন,২০০২ ও ২০১৩)-এর ১৮(৫) ধারা মোতাবেক সমবায় সমিতির অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ করা হয়। সমিতির পরিশোধিত শেয়ার মূলধন ৫০,০০০/-টাকার কম হলে উপজেলা সমবায় অফিসার এবং পরিশোধিত শেয়ার মূলধন ৫০,০০০/-টাকার বেশী হলে জেলা সমবায় অফিসার এ নিয়োগ প্রদান করেন। সমবায় সমিতি একটি আর্থিক প্রতিষ্ঠান। আয়-ব্যয় নির্বাহসহ সমিতির দৈনন্দিন কার্যক্রম ব্যবস্থাপনা কমিটি পরিচালনা করেন। কোন সমবায় সমিতিতে বৈধ ব্যবস্থাপনা কমিটি না থাকলে মেয়াদোত্তীর্ণ কমিটির ব্যক্তিদের দ্বারা সমিতি পরিচালনা করার প্রবণতা পরিলক্ষিত হয়। এতে করে উক্ত সময়ে সমিতি পরিচালনায় আর্থিক ও ব্যবস্থাপনাগত জটিলতা সৃষ্টি হয়। যেহেতু, সমবায় সমিতি একটি বিধিবদ্ধ প্রতিষ্ঠান সেহেতু সমবায় সমিতির পক্ষে সমবায়ের ব্যবস্থাপনা কমিটির আবেদনের প্রেক্ষিতে যাবতীয় সেবা প্রদান করা হয়। মেয়াদোত্তীর্ণ ব্যবস্থাপনা কমিটি অনেক সময় নিজ স্বার্থে হোক বা নিয়ম-কানুন না জানার কারণেই হোক অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগের আবেদন প্রেরণ করতে পারেন না। সমবায় সমিতির ব্যবস্থাপনায় ধারাবাহিকতা আনয়ন এবং স্বচ্ছতা নিশ্চিত করা হলে প্রকারান্তরে সাধারণ সদস্যদের স্বার্থ রক্ষা করা সম্ভব হবে। এজন্য সেবাটি সহজ করা প্রয়োজন।

সমবায় অধিদপ্তরের স্মারক নং-১৫, তারিখঃ ২৭-০২-২০২৩খ্রিঃ স্মারক পত্রের নির্দেশনা মোতাবেক উপজেলা সমবায় কার্যালয়ের জন্য " **প্রাথমিক সমবায় সমিতির অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ"** সেবাটিকে সহজিকরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এছাড়া ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার (১.১.১) এর সেবা সহজিকরণ কার্যক্রমের লক্ষ্যমাত্রা রয়েছে। (।) সমবায় অধিদপ্তরের স্মারক নং-১৫, তারিখঃ ২৭-০২-২০২৩খ্রিঃ স্মারক পত্রের নির্দেশনার প্রেক্ষিতে উপজেলা সমবায় কার্যালয়, তারাগঞ্জ, রংপুর এর **" প্রাথমিক সমবায় সমিতির অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ"** সেবাটি সহজিকরণ প্রস্তাব সম্বলিত পূর্ণাঙ্গ ডকুমেন্টস অনুমোদনের জন্য বিভাগীয় সমবায় কার্যালয় রংপুরে প্রেরণ করা হয়। বিভাগীয় সমবায় কার্যালয় রংপুরে অনুমোদনের প্রেক্ষিতে **" প্রাথমিক সমবায় সমিতির অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ"** সেবাটি এখন হতে নিম্নরুপভাবে প্রদান করা হবে।

**" প্রাথমিক সমবায় সমিতির অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ" এর ধাপ সমুহ**

১। ব্যবস্থাপনা কমিটি ১ দিনের মধ্যে অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠনের লক্ষ্যে সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠান এবং সরবরাহকৃত রেজুলেশন ও আবেদনের ফরম্ পুরণ করবে।
২। পুরণকৃত আবেদন ও রেজুলেশন উপজেলা সমবায় দপ্তরে সরাসরি বা মেইলে প্রেরণ।
৩। উপজেলা সমবায় অফিসার কর্তৃক আবেদন গ্রহণ
৪। উপজেলা সমবায় দপ্তর কর্তৃক ডাইরিভুক্তকরণ ও নথিতে উপস্থাপন
৫।সমিতির শেয়ার মূলধন ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকার উর্ধে হলে উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রাপ্ত ফর্মের নির্দিষ্টস্থানে স্বাক্ষর পূর্বক জেলায় প্রেরণ। সমিতির শেয়ার মূলধন ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা বা কম হলে উপজেলা সমবায় অফিসার কর্তৃক অনুমোদন এবং আদেশ প্রদান।
৬। পত্র জারীকরণ এবং জেলা অফিসে/সমিতিতে প্রেরণ
৭। জেলা সমবায় অফিসার কর্তৃক গ্রহণ।
৮। জেলা সমবায় দপ্তর কর্তৃক ডাইরিভুক্তকরণ
৯। জেলা সমবায় দপ্তরের সংশ্লিষ্ট নথি উপস্থাপনকারী কর্তৃক নথিতে উপস্থাপন
১০। জেলা সমবায় অফিসার কর্তৃক অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ এবং ইমেইল বা ই-নথিতে জারী করে সমিতিতে এসএমএস প্রেরণ

স্বাক্ষরিত/
(শারমিন আক্তার)
উপজেলা সমবায় কর্মকর্তা,
তারাগঞ্জ, রংপুর।

স্মারক নং- ৪৭.৬১.৮৫৯২.০০০.২৮.০০১.০৩-৫৮

তারিখঃ ০৯/০৩/২০২৩খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১। সভাপতি/সম্পাদক,--------------------------------------সমবায় সমিতি লিঃ,গ্রামঃ-----------,ডাকঃ ------------ ,তারাগঞ্জ, রংপুর।
২। জেলা সমবায় কর্মকর্তা, রংপুর(মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।

০৯/০৩/২০২৩
উপজেলা সমবায় কর্মকর্তা,

২২/০৩/২০২৩
জনাব মনিরুল হক
উপস্থাপন করুন।

বরাবর

উপজেলা সমবায় কর্মকর্তা
তারাগঞ্জ, রংপুর।

বিষয়ঃ অন্তবর্তী কমিটি অনুমোদন প্রসঙ্গে।

সূত্র- গত ১১/০৩/২০২৩ খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক।

মহোদয়

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, গত ১০/০৩/২০২২খ্রিঃ তারিখে ঘনিরামপুর মানব কল্যাণ সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ- এর ব্যবস্থাপনা কমিটির মেয়াদ শেষ হয়েছে। বর্তমানে কমিটিতে শূন্যতা পূরণের লক্ষ্যে অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন করা বিশেষ প্রয়োজন। তৎপ্রেক্ষিতে, অন্তবর্তী কমিটি গঠনের জন্য নিম্নোক্ত ০৩(তিন) জন সমিতির সদস্যের সমন্বয়ে অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটির প্রস্তাব করা হলো।

| ক্র. নং | নাম | সদস্য নং | প্রস্তাবিত কমিটিতে পদবী |
|---|---|---|---|
| ০১। | মোঃ আতিকুল ইসলাম | ১০ | সভাপতি |
| ০২। | মোঃ শফিউল ইসলাম | ১৫ | সদস্য |
| ০৩। | মোঃ রাজু মিয়া | ২০ | সদস্য |

উল্লেখ্য, অত্র সমবায় সমিতিটির শেয়ার মূলধন ৩৮,৫০০.০০টাকা। প্রস্তাবিত সদস্যগণ পূর্বের ব্যবস্থাপনা কমিটিতে ছিল না এবং দায়িত্ব পালনে তাদের আগ্রহ রয়েছে।

এমতাবস্থায়, প্রস্তাবিত অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি অনুমোদন করার জন্য মহোদয়ের সদয় মর্জি হয়।

সংযুক্ত- বর্ণণামতে ০৪(চার)---পাতা।

নিবেদক

জুয়েল ২১/০৩/২০২৩
(মোঃ জুয়েল হোসেন)
প্রাক্তন সভাপতি
ঘনিরামপুর মানব কল্যান সার্বিক গ্রাম উন্নয়ন
সমবায় সমিতি লিঃ
ঘনিরামপুর, তারাগঞ্জ,
তারাগঞ্জ, রংপুর।

ঘনিরামপুর মানব কল্যান সার্বিক গ্রাম উন্নয়ন সঃ সঃ লিঃ -এর সভার কার্য বিবরণী

সভার স্থান ঃ সমিতির কার্যালয়।
তারিখ ঃ ১১/০৩/২০২৩. খ্রিঃ।।
সময় ঃ বিকাল ৪.০০ ঘটিকা।

| ক্রমিক নং | উপস্থিত সদস্যগণের নাম | স্বাক্ষর |
|---|---|---|
| ০১। | জনাব জুয়েল হোসেন | |
| ~~০২।~~ | ~~জনাব হুমায়ুন কবির~~ | |
| ০৩। | জনাব সাজ্জাদ হোসেন | |
| ০৪। | জনাব সোহেল রানা | |
| ০৫। | জনাব জুয়েল সরকার | |
| ০৬। | জনাব রেজাউল করিম | |
| ০৭। | জনাব উমর ফারুক | |
| ০৮। | জনাব মামুন মিয়া | |
| ০৯। | জনাব রবিউল ইসলাম | |
| ১০। | জনাব আতিকুল ইসলাম | |
| ১১। | জনাব আবু হাছান | |
| ১২। | জনাব ওবায়দুল সরকার | |
| ১৩। | জনাব মজিদুল ইসলাম | |
| ১৪। | জনাব সামিনুর ইসলাম | |
| ১৫। | জনাব শফিউল ইসলাম | |
| ১৬। | জনাব মাহাবর হোসেন | |
| ১৭। | জনাব ইনছান আলী | |
| ১৮ | জনাব মোস্তাফিজুর রহমান | |
| ১৯। | জনাব জাহিদুল হোসেন | |
| ২০। | জনাব রাজু মিয়া | |
| ২১। | জনাব সামিউল ইসলাম | |
| ২২। | জনাব সাহেব আলী | |
| ২৩। | জনাব রাব্বি হোসেন | |
| ২৪। | জনাব আমির ফয়সাল সরকার | |
| ২৫। | জনাব ইয়ামিন | |
| ২৬। | জনাব আতোয়ার হোসেন | |
| ২৭। | জনাব ইয়াকুব আলী | |
| ২৮। | জনাব মোতাছিমবিল্লাহ | |
| ২৯। | জনাব মেহেদি হাসান | |
| ৩০। | জনাব নুরনবী ইসরাম | |
| ৩১। | জনাব ওয়াশিম আকরাম | |

ঘনিরামপুর মানব কল্যান সার্বিক গ্রাম উন্নয়ন সঃ সঃ লিঃ এর ব্যবস্থাপনা কমিটির প্রাক্তন সভাপতি জনাব জুয়েল হোসেন জানান যে, সমিতির বর্তমান ৩৫ জন সদস্যের মধ্য থেকে মোট ৩১ জন সদস্য উপস্থিত হওয়ায় কোরাম পূর্ন হয়েছে বিধায়, সভার কাজ আরম্ভ করা যাইতে পারে। অতঃপর জনাব জুয়েল সরকার-- এর প্রস্তাব এবং জনাব -মামুন মিয়া-- এর সমর্থনক্রমে জনাব জুয়েল হোসেন- এর সভাপতিত্বে বিশেষ সাধারণ সভার কাজ আরম্ভ হইল।

আলোচ্য সূচী (১) বিগত বিশেষ সাধারণ সভার কার্য বিবরণী অনুমোদন;

উপস্থাপনা ও আলোচনা

জনাব জুয়েল হোসেন বিগত বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করিয়া শুনান।

সিদ্ধান্ত

বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

আলোচ্য সূচী (২) অন্তবর্তী কমিটি গঠনঃ

উপস্থাপনা ও আলোচনা

সভায় সমিতির ব্যবস্থাপনা কমিটির মেয়াদ গত ২০/৬/২০২২ তারিখে শেষ হয়েছে। সঠিক সময়ে নির্বাচন করতে ব্যর্থ হওয়ায় বর্তমানে ব্যবস্থাপনা কমিটিতে শূন্যতা বিরাজ করিতেছে। ব্যবস্থাপনা কমিটির শূন্যতা পূরনের লক্ষে ০৩(তিন) সদস্য বিশিষ্ট অন্তবর্তী কমিটি গঠন করা প্রয়োজন। সমিতিতে শেয়ার মূলধণ ৫০,০০০/-হাজার টাকার নিচে এবং নিম্নবর্ণিত সদস্যগণ দায়িত্ব পালনে আগ্রহী রয়েছে। নিম্নে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট অন্তবর্তী কমিটির নাম দেওয়া হলঃ

| ক্রমিক নং | নাম | সদস্য নং | পদবী |
|---|---|---|---|
| ০১ | মোঃ আতিকুল ইসলাম | ১০ | সভাপতি |
| ০২ | মোঃ [illegible] ইসলাম | ১৫ | সদস্য |
| ০৩ | মোঃ রাজু মিয়া | ২০ | সদস্য |

আলোচ্য সূচী (৩) বিবিধ।

উপস্থাপনা ও আলোচনা

সদস্যদেরকে যথা সময়ে নির্বাচন করার আলোচনা হইল।

সিদ্ধান্ত নির্দিষ্ট সময়ে নির্বাচনের সিদ্ধান্ত গ্রহণ করা হইল।

অতঃপর সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

সভাপতি(প্রাক্তন)
ঘনিরামপুর মানব কল্যান সার্বিক গ্রাম উন্নয়ন
সঃ সঃ লিঃ, তারাগঞ্জ, রংপুর।

স্মারক নং x

তারিখঃ ২৫/০২/২০২৬খ্রি.

# বিশেষ সাধারন সভা নোটিশ

ঘনিরামপুর মানব কল্যান সার্বিক গ্রাম উন্নয়ন সঃ সঃ লিঃ, এর ব্যবস্থাপনা কমিটির ২৫/০২/২৬ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক সমিতির সকল সদস্যগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী 21/03/2026 তারিখ বিকাল ৪.০০ঘটিকায় সমিতির কার্যালয়ে অত্র সমিতির বিশেষ সাধারণ সভা অনুষ্ঠিত হবে।

সভার আলোচ্যবিষয়ঃ-

(১) বিশেষ সাধারণ সভার সভাপতি মনোনয়ন।

(২) অন্তবর্তী কমিটি গঠন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(৩) বিবিধ।

অতএব, সমিতির সকল সভ্যগণকে উক্ত বিশেষ সধারণ সভায় সক্রিয়ভাবে অংশগ্রহনের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

স্বা/-
সভাপতি(প্রাক্তন)
ঘনিরামপুর মানব কল্যান সার্বিক গ্রাম উন্নয়ন
সঃ সঃ লিঃ, তারাগঞ্জ, রংপুর।

১। জনাব-------------------------------------সদস্য নং-

২। উপজেলা সমবায় অফিসার, তারাগঞ্জ, রংপুর।

৩। জেলা সমবায় অফিসার, রংপুর।

25/2/2026
সভাপতি(প্রাক্তন)
ঘনিরামপুর মানব কল্যান সার্বিক গ্রাম উন্নয়ন
সঃ সঃ লিঃ, তারাগঞ্জ, রংপুর।

"বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
তারাগঞ্জ, রংপুর।

আদেশ নং-

তারিখঃ ১২/০৩/২০২৩খ্রি.।

ঘনিরামপুর মানব কল্যাণ সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ, যার নিবন্ধন নং- ১৪২/১৭, তারিখঃ ২২/০৩/২০১৭খ্রি. এর ব্যবস্থাপনা কমিটি নির্ধারিত সময়ের মধ্যে নির্বাচন করতে না পারায় সমিতির ব্যবস্থাপনায় বর্তমান শূন্যতা বিরাজ করছে। এমতাবস্থায়, সমিতির ব্যবস্থাপনা নির্বাহ ও নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে সমবায় সমিতি আইন; ২০০১, (সংশোধিত)২০০২,২০১৩-এর ১৮(৭) ধারায় এবং আমার উপর অর্পিত ক্ষমতাবলে নিম্নলিখিত ভদ্র মহোদয়গণের সমন্বয়ে সমিতির সুষ্ঠু ব্যবস্থাপনা ও নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে ০৩(তিন) সদস্যবিশিষ্ঠ একটি অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ করা হলো-

| ক্রমিক নং | অন্তবর্তী কমিটির সদস্যদের নাম | সদস্য নং | নিয়োগকৃত কমিটিতে পদবী |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ আতিকুল ইসলাম | ১০ | সভাপতি |
| ২. | জনাব মোঃ শফিউল ইসলাম | ১৫ | সদস্য |
| ৩. | জনাব মোঃ রাজু মিয়া | ২০ | সদস্য |

উক্ত কমিটির মেয়াদকাল অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটির নিয়োগের তারিখ হতে ১২০(একশত বিশ) দিন পর্যন্ত বলবৎ থাকবে। নিয়োগকৃত কমিটি একই আইনের ১৮(৬) ধারা মোতাবেক নির্বাচন অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণকরত: নির্বাচিত ব্যবস্থাপনা কমিটির নিকট দায়িত্বভার হস্তান্তর করবেন।

১২/০৩/২০২৩

(শারমিন আক্তার)
উপজেলা সমবায় কর্মকর্তা
তারাগঞ্জ, রংপুর।
ফোন নং- ০২৫৮৯৯৭৮৯২৩
ই-মেইল- ucotaragonj92@gmail.com

স্মারক নং-৪৭.৬১.৮৫৯২.০০০.২৮.০০১.০৩-৬২/১(৬)

তারিখঃ ১২/০৩/২০২৩ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

০১। জনাব............................................... সভাপতি/সদস্য, অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি, ঘনিরামপুর মানব কল্যাণ সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ, ঘনিরামপুর, তারাগঞ্জ, রংপুর। তাঁকে অনতিবিলম্বে প্রাক্তন কমিটির নিকট থেকে দায়িত্বভার গ্রহণকরত: অত্র দপ্তরকে অবহিত করার জন্য বলা হলো।

০২। জনাব............................................... সভাপতি/সম্পাদক, প্রাক্তন ব্যবস্থাপনা কমিটি, ঘনিরামপুর মানব কল্যাণ সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ, ঘনিরামপুর, তারাগঞ্জ, রংপুর। তাঁকে অনতিবিলম্বে নিয়োগকৃত অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটির সভাপতির নিকট দায়িত্বভার হস্তান্তর করার জন্য বলা হলো।

০৩। জেলা সমবায় কর্মকর্তা, রংপুর।

০৪। অফিস কপি

১২/০৩/২০২৩

উপজেলা সমবায় কর্মকর্তা
তারাগঞ্জ, রংপুর।
ফোন নং- ০২৫৮৯৯৭৮৯২৩
ই-মেইল- ucotaragonj92@gmail.com